আজকের কাগজ

তারিখ 18 JUL 1993
পৃষ্ঠা ৬ কলাম ৪

১০

160

# কোনো স্তরেই শিক্ষার উদ্দেশ্য বাস্তবায়িত হচ্ছে না

## –কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

**কাগজ প্রতিবেদক :** বাংলাদেশ কলেজ–বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতারা অবিলম্বে তাদের দশ দফা দাবি মেনে নেয়ার আহবান জানিয়েছে। গতকাল টিএসসি শিক্ষক লাউঞ্জে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে বলা হয়, বাংলাদেশে শিক্ষা ব্যবস্থার কোনো স্তরেই শিক্ষার আদর্শ ও উদ্দেশ্য বাস্তবায়িত হচ্ছে না। শিক্ষাক্ষেত্রে বিরাজমান সঙ্কটের রাতারাতি কোনো সমাধান আশা করা যায় না। তবে নিশ্চুপ হয়ে বসে থাকার সুযোগও নেই। এক প্রশ্নের জবাবে সংগঠনের সভাপতি আখতারুজ্জামান অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের একজন শিক্ষক পেনশনতো পানই না তার প্রভিডেন্ট ফান্ডও নেই। ফলে কর্মজীবন শেষে খালি হাতে তাকে অবসর নিতে হয়।

সমিতির দাবিসমূহের মধ্যে রয়েছে– কেন্দ্রীয় শিক্ষক সংগ্রাম লিয়াজো কমিটি কর্তৃক উত্থাপিত ও সরকার কর্তৃক নীতিগতভাবে স্বীকৃত ১৫ দফা দাবি বাস্তবায়ন, ট্রাস্টি বোর্ড গঠন, স্থগিত ছাত্র বৃত্তি অবিলম্বে চালুকরণ।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সভাপতি ডঃ আখতারুজ্জামান। উপস্থিত ছিলেন–এন রাশেদা, হোসেনে আরা, গোলাম মহিউদ্দিন, নিরঞ্জন অধিকারী প্রমুখ।